[রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর □ প্রশ্ন নং ১০]

- ক. প্রচুরক শ্রেণির মধ্যমান নির্ণয় কর। ২
 খ. উদ্দীপকের তথ্যের আলোকে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. বর্ণনাসহ প্রদত্ত সারণীর অজিভরেখা অঙ্কন কর। ৪

১২৯ নং প্রশ্নের সমাধান

- ক এখানে, গণসংখ্যা সর্বাধিক 15 আছে (81-90) শ্রেণিতে।

প্রচুরক শ্রেণি (81 - 90)

$$\therefore \text{প্রচুরক শ্রেণির মধ্যমান} = \frac{81 + 90}{2} = 85.5$$

- খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি:

শ্রেণি ব্যাপ্তি	শ্রেণি মধ্যমান x_i	গণসংখ্যা f_i	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	$f_i u_i$
51-60	55.5	6	-3	-18
61-70	65.5	7	-2	-14
71-80	75.5	10	-1	-10
81-90	85.5 → a	15	0	0
91-100	95.5	9	1	9
101-110	105.5	8	2	16
111-120	115.5	5	3	15
		n = 60		$\Sigma f_i u_i = -2$

$$\therefore \text{গড়, } \bar{x} = a + \frac{\Sigma f_i u_i}{n} \times h$$

$$= 85.5 + \frac{-2}{60} \times 10$$

$$= 85.5 - 0.33$$


$$= 85.17 \text{ (প্রায়) (Ans.)}$$

- গ অজিভ রেখা অঙ্কন:

শ্রেণি ব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
51-60	6	6
61-70	7	13
71-80	10	23
81-90	15	38
91-100	9	47
101-110	8	55
111-120	5	60

এখন, x-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 1 ঘরকে শ্রেণি ব্যবধানের উচ্চসীমার 2 একক এবং y-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 1 ঘরকে ক্রমযোজিত গণসংখ্যার 1 একক ধরে প্রদত্ত উপাত্তের অজিভ রেখা

আঁকা হলো। মূলবিন্দু থেকে 50 পর্যন্ত ঘরগুলো আছে বুঝাতে ভাগ্য চিহ্ন ব্যবহার করা হয়েছে।



- প্রশ্ন ১৩০ ১০ম শ্রেণির 50 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরের সারণি নিচে দেওয়া হল:

শ্রেণি ব্যাপ্তি	20-24	25-29	30-34	35-39	40-44	45-49
গণসংখ্যা	5	8	7	15	10	5

[রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর □ প্রশ্ন নং ১১]

- ক. মধ্যক শ্রেণি উল্লেখপূর্বক F_c এর মান নির্ণয় কর। ২
 খ. প্রদত্ত সারণির মধ্যক নির্ণয় কর। ৪
 গ. বর্ণনাসহ প্রদত্ত সারণির আয়তলেখ আঁক। ৪

১৩০ নং প্রশ্নের সমাধান

- ক মধ্যক শ্রেণি নির্ণয়:

শ্রেণি ব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
20-24	5	5
25-29	8	13
30-34	7	20
35-39	15	35
40-44	10	45
45-49	5	50

এখানে, n = 50

$$\therefore \frac{n}{2} = \frac{50}{2} = 25$$



অর্থাৎ, মধ্যক হলো 25-তম পদের মান। 25-তম পদের অবস্থান হবে (35-39) শ্রেণিতে। মধ্যক শ্রেণি হলো (35-39)।
সুতরাং $F_c = 20$ ।

খ 'ক' হতে পাই, মধ্যক শ্রেণি হলো (35 – 39)।

সুতরাং $L = 35$
 $F_c = 20$
 $f_m = 15$
 $h = 5$

$$\therefore \text{মধ্যক} = L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$$

$$= 35 + (25 - 20) \times \frac{5}{15}$$


$$= 35 + 1.67$$

$$= 36.67 \text{ (Ans.)}$$

গ আয়তলেখ অঙ্কনের সারণি:

শ্রেণি ব্যাপ্তি	অবিচ্ছিন্ন শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা
20-24	19.5-24.5	5
25-29	24.5-29.5	8
30-34	29.5-34.5	7
35-39	34.5-39.5	15
40-44	39.5-44.5	10
45-49	44.5-49.5	5

ছক কাগজে X-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি 1 বাছুর দৈর্ঘ্যকে অবিচ্ছিন্ন শ্রেণি সীমার 1 একক এবং Y-অক্ষ বরাবর প্রতি 2 বাছুর দৈর্ঘ্যকে গণসংখ্যার 1 একক ধরে আয়তলেখ অঙ্কন করা হয়েছে। মূলবিন্দু থেকে 19.5 পর্যন্ত ঘরগুলো আছে বুঝাতে ভাঙ্গা চিহ্ন ব্যবহার করা হয়েছে।



চিত্র: আয়তলেখ

প্রশ্ন ১৩১ কোনো বিদ্যালয়ে প্রাক-নির্বাচনি পরীক্ষায় 50 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরগুলো নিচে দেওয়া হলো :

48, 89, 75, 32, 46, 87, 77, 45, 92, 55, 76, 65, 98, 79, 64, 68, 56, 73, 83, 57, 97, 88, 65, 73, 93, 58, 41, 69, 63, 39, 84, 56, 45, 73, 93, 62, 67, 69, 65, 53, 78, 64, 85, 53, 73, 34, 75, 82, 67, 62।

[পুলিশ লাইস স্কুল এন্ড কলেজ, রংপুর □ প্রশ্ন নং ১০]

- ক. বিচ্ছিন্ন ও অবিচ্ছিন্ন চলক বলতে কী বোঝ? ২
খ. গণসংখ্যা নিবেশন সারণি তৈরি করে মধ্যক নির্ণয় কর। 8
গ. গণসংখ্যা নিবেশনের অজিভরেখা অঙ্কন কর। 8

১৩১ নং প্রশ্নের সমাধান

ক **বিচ্ছিন্ন চলক:** যে চলকের মান শুধুমাত্র পূর্ণ সংখ্যা হয় তাকে বিচ্ছিন্ন চলক বলে। উদাহরণ: জনসংখ্যা।

অবিচ্ছিন্ন চলক: যে চলকের মান যেকোনো বাস্তব সংখ্যা হতে পারে তা অবিচ্ছিন্ন চলক। উদাহরণ: বয়স, উচ্চতা, ওজন।

খ প্রদত্ত উপাত্ত হতে, সর্বনিম্ন নম্বর = 32, সর্বোচ্চ নম্বর = 98
উপাত্তসমূহের পরিসর = $(98 - 32) + 1 = 67$

শ্রেণি ব্যবধান 10 ধরে শ্রেণিসংখ্যা = $\frac{67}{10} = 6.7 \approx 7$

ক্রমযোজিত গণসংখ্যা সারণি নিরূপণ :

শ্রেণি ব্যাপ্তি	ট্যালি	গণসংখ্যা f_i	ক্রমযোজিত গণসংখ্যা
31-40		3	3
41-50		5	8
51-60		7	15
61-70		13	28
71-80		10	38
81-90		7	45
91-100		5	50
মোট		$n = 50$	

এখানে, $\frac{n}{2} = \frac{50}{2} = 25$, যা (61-70) শ্রেণিতে অবস্থিত।

সুতরাং (61-70) মধ্যক শ্রেণি।

এখানে, $L = 61$
 $n = 50$
 $F_c = 15$
 $f_m = 13$
 $h = 10$

আমরা জানি, মধ্যক = $L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$

$$= 61 + \left(\frac{50}{2} - 15\right) \times \frac{10}{13}$$

$$= 61 + (25 - 15) \times \frac{10}{13}$$


$$= 61 + \frac{10 \times 10}{13}$$

$$= 61 + 7.69$$

$$= 68.69 \text{ (Ans.)}$$

গ 'খ' এর সারণি ব্যবহার করে

x-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 1 ঘরকে শ্রেণি ব্যবধানের উচ্চসীমার 2 একক এবং y-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 1 ঘরকে ক্রমযোজিত গণসংখ্যার 2 একক ধরে প্রদত্ত উপাত্তের অজিভরেখা আঁকা হলো। মূলবিন্দু থেকে 30 পর্যন্ত ঘরগুলো আছে বুঝাতে ভাঙ্গা চিহ্ন ব্যবহার করা হয়েছে।



চিত্র: অর্জিত রেখা

প্রশ্ন ১৩২ ৯ম শ্রেণির 50 জন শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	5	7	11	13	7	4	3

[পুলিশ লাইস স্কুল এন্ড কলেজ, রংপুর □ প্রশ্ন নং ১১]

- ক. কেন্দ্রীয় প্রবণতা বলতে কী বোঝ? ২
 খ. প্রদত্ত সারণি থেকে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. প্রদত্ত উপাত্তের আয়তলেখ অঙ্কনের মাধ্যমে প্রচুরক নির্ণয় কর। ৪

১৩২ নং প্রশ্নের সমাধান

ক কেন্দ্রীয় প্রবণতা: অবিন্যাসিত উপাত্তসমূহকে মানের ক্রমানুসারে সাজালে উপাত্তসমূহ মাঝামাঝি কোন মানের দিকে পুঞ্জীভূত হয়। বস্তুত উপাত্তসমূহের মাঝামাঝি বা কেন্দ্রীয় মানের দিকে পুঞ্জীভূত হওয়ার এই প্রবণতাকেই কেন্দ্রীয় প্রবণতা বলে।

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে অনুসৃত ধাপের আলোকে গড় নির্ণয়ের সারণি হবে নিরূপ। যেখানে, শ্রেণি ব্যবধান, $h = 10$

সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি:


শ্রেণি ব্যাপ্তি	শ্রেণি মধ্যমান x_i	গণসংখ্যা f_i	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	$f_i u_i$
31-40	35.5	5	-3	-15
41-50	45.5	7	-2	-14
51-60	55.5	11	-1	-11
61-70	65.5 ← a	13	0	0
71-80	75.5	7	1	7
81-90	85.5	4	2	8
91-100	95.5	3	3	9
		$\sum f_i = n = 50$		$\sum f_i u_i = -16$

$$\begin{aligned} \therefore \text{নির্ণেয় গড়, } \bar{x} &= a + \frac{\sum f_i u_i}{n} \times h \\ &= 65.5 + \frac{-16}{50} \times 10 \\ &= 65.5 - 3.2 \\ &= 62.3 \text{ (Ans.)} \end{aligned}$$

গ আয়তলেখ অঙ্কনের জন্য অবিচ্ছিন্ন শ্রেণিব্যাপ্তিসহ সারণি:

শ্রেণিব্যাপ্তি	অবিচ্ছিন্ন শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা
31-40	30.5-40.5	5
41-50	40.5-50.5	7
51-60	50.5-60.5	11
61-70	60.5-70.5	13
71-80	70.5-80.5	7
81-90	80.5-90.5	4
91-100	90.5-100.5	3

ছক কাগজের x-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি 1 ঘরকে অবিচ্ছিন্ন শ্রেণি ব্যাপ্তির 2 একক এবং y-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি 2 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে আয়তলেখ অঙ্কন করা হলো। মূলবিন্দু থেকে 30.5 পর্যন্ত পূর্ববর্তী ঘরগুলো আছে বুঝাতে ভাগ্য চিহ্ন ব্যবহার করা হয়েছে।



আয়তলেখ হতে দেখা যায় যে, বেশি প্রাপ্ত নম্বর 60.5-70.5 শ্রেণিতে। তাই প্রচুরক নির্ণয়ের জন্য আয়তের উপরিভাগের কৌণিক বিন্দুদ্বয় থেকে দুইটি আড়াআড়ি রেখাংশের আগের ও পরের আয়তের উপরিভাগের কৌণিক বিন্দুর সাথে সংযোগ করা হয়েছে। এদের ছেদবিন্দু থেকে x-অক্ষের উপর যে লম্ব টানা হয়েছে তা x-অক্ষকে 62.5 বিন্দুতে ছেদ করে। সুতরাং প্রচুরক হলো 62.5 (প্রায়)। (Ans.)

প্রশ্ন ১৩৩ নিচে একটি গণসংখ্যা সারণি দেওয়া হলো:

ব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90
গণসংখ্যা	7	13	18	24	9	5

[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর, নীলফামারী □ প্রশ্ন নং ১০]

- ক. প্রদত্ত উপাত্তের প্রচুরক শ্রেণির মধ্যবিন্দু নির্ণয় কর। ২
 খ. প্রদত্ত উপাত্তের মধ্যক নির্ণয় কর। ৪
 গ. বর্ণনাসহ প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

১৩৩ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ১০ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ১৩৪ দশম শ্রেণির 60 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি নিরূপণ:

শ্রেণি ব্যাপ্তি	51-55	56-60	61-65	66-70	71-75
গণসংখ্যা	5	10	20	15	10

[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, সৈয়দপুর, নীলফামারী □ প্রশ্ন নং ১১]

- ক. প্রদত্ত উপাত্তের ক্রমযোজিত গণসংখ্যা সারণি তৈরি কর। ২
 খ. প্রদত্ত সারণি হতে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. বর্ণনাসহ প্রদত্ত উপাত্তের আয়তলেখ অঙ্কন কর। ৪

১৩৪ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৩৮ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ১৩৫ কোন শ্রেণির ৫০ জন শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো:

শ্রেণিব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	4	6	8	12	9	7	4

[সৈয়দপুর সরকারি কারিগরী কলেজ, নীলফামারী □ প্রশ্ন নং ১০]

- ক. কেন্দ্রীয় প্রবণতা কী? এর তিনটি পরিমাপকের নাম লিখ। ২
 খ. প্রদত্ত সারণি থেকে প্রচুরক নির্ণয় কর। ৪
 গ. উপাত্তের অজিত রেখা অঙ্কন কর। ৪

১৩৫ নং প্রশ্নের সমাধান

ক সৃজনশীল ২২(ক) নং সমাধান দ্রষ্টব্য।

খ পাঠ্যবইয়ের অনুশীলনী ১৭ এর উদাহরণ ১৩(খ) দ্রষ্টব্য। পৃষ্ঠা-৩৩৯

গ পাঠ্যবইয়ের অনুশীলনী ১৭ এর উদাহরণ ১৩(গ) দ্রষ্টব্য। পৃষ্ঠা-৩৩৯

প্রশ্ন ১৩৬ নিচে একটি গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো:

শ্রেণিব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	6	12	20	35	18	13	6

[সৈয়দপুর সরকারি কারিগরী কলেজ, নীলফামারী □ প্রশ্ন নং ১১]

- ক. মধ্যক শ্রেণির মধ্যমান কত? ২
 খ. মধ্যক ও প্রচুরক নির্ণয় কর। ৪
 গ. সারণি থেকে আয়তলেখ আঁক। ৪

১৩৬ নং প্রশ্নের সমাধান

ক

শ্রেণি ব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
31-40	6	6
41-50	12	18
51-60	20	38
61-70	35	73
71-80	18	91
81-90	13	104
91-100	6	110
	n = 110	

এখানে, n = 110

$$\therefore \frac{n}{2} = \frac{110}{2} = 55$$

অর্থাৎ, মধ্যক হলো 55 তম পদের মান। 55 তম পদের অবস্থান হবে (61 - 70) শ্রেণিতে।

মধ্যক শ্রেণি হলো (61 - 70)

$$\therefore \text{মধ্যক শ্রেণির মধ্যমান} = \frac{61+70}{2} = \frac{131}{2} = 65.5 \text{ (Ans.)}$$

খ 'ক' হতে পাই, মধ্যক শ্রেণি (61 - 70)

সুতরাং L = 61, F_c = 38, f_m = 35, h = 10

$$\begin{aligned} \therefore \text{মধ্যক} &= L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m} \\ &= 61 + (55 - 38) \times \frac{10}{35} \\ &= 61 + 17 \times \frac{10}{35} \\ &= 61 + 4.857 \\ &= 65.857 \text{ (প্রায়) (Ans.)} \end{aligned}$$

প্রদত্ত গণসংখ্যা নিবেশন সারণিতে গণসংখ্যা সর্বাধিক 35 আছে (61 - 70) শ্রেণিতে।

\therefore প্রচুরক শ্রেণি (61 - 70)

সুতরাং L = 61

$$f_1 = 35 - 20 = 15$$

$$f_2 = 35 - 18 = 17$$


$$h = 10$$

$$\begin{aligned} \therefore \text{প্রচুরক} &= L + \frac{f_1}{f_1 + f_2} \times h \\ &= 61 + \frac{15}{15 + 17} \times 10 \\ &= 61 + \frac{15}{32} \times 10 \\ &= 61 + 4.6875 \\ &= 65.6875 \text{ (Ans.)} \end{aligned}$$

গ আয়তলেখ অঙ্কনের সারণি:

শ্রেণি ব্যাপ্তি	অবিচ্ছিন্ন শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা
31-40	30.5-40.5	6
41-50	40.5-50.5	12
51-60	50.5-60.5	20
61-70	60.5-70.5	35
71-80	70.5-80.5	18
81-90	80.5-90.5	13
91-100	90.5-100.5	6

ছক কাগজে X-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি বাহুর দৈর্ঘ্যকে অবিচ্ছিন্ন শ্রেণি সীমার দুই একক এবং Y-অক্ষ বরাবর প্রতি বাহুর দৈর্ঘ্যকে গণসংখ্যার এক একক ধরে আয়তলেখ অঙ্কন করা হয়েছে। মূলবিন্দু থেকে 30.5 পর্যন্ত ঘরগুলো আছে বুঝাতে ভাগা চিহ্ন ব্যবহার করা হয়েছে।



চিত্র: আয়তলেখ

প্রশ্ন ১৩৭ একটি গণসংখ্যা সারণি দেওয়া হলো:

শ্রেণি ব্যাপ্তি	21-30	31-40	41-50	51-60	61-70	71-80	81-90
গণসংখ্যা	4	8	10	13	5	7	3

[কুমিল্পা জিলা স্কুল, কুমিল্পা □ প্রশ্ন নং ১০]

- ক. প্রচুরক শ্রেণির পূর্বের শ্রেণির মধ্যবিন্দু নির্ণয় কর। ২
 খ. প্রদত্ত উপাত্তের মধ্যক নির্ণয় কর। ৪
 গ. প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন করে সংক্ষিপ্ত বিবরণ দাও। ৪

১৩৭ নং প্রশ্নের সমাধান

ক. প্রদত্ত গণসংখ্যা সারণিতে সর্বাধিক গণসংখ্যা (51-60) শ্রেণিতে বিদ্যমান।

∴ প্রচুরক শ্রেণি (51-60)

এবং প্রচুরক শ্রেণির পূর্ব শ্রেণি (41-50)

$$\therefore \text{পূর্ব শ্রেণির মধ্যবিন্দু} = \frac{50 + 41}{2}$$

$$= \frac{91}{2} = 45.5 \text{ (Ans.)}$$

খ. ক্রমযোজিত গণসংখ্যা সারণি নিরূপণ:

শ্রেণি ব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
21 - 30	4	4
31 - 40	8	12
41 - 50	10	22
51 - 60	13	35
61 - 70	5	40
71 - 80	7	47
81 - 90	3	50
	n = 50	

এখানে, n = 50 এবং $\frac{n}{2} = 25$

অতএব, মধ্যক হলো 25-তম পদের মান। 25 তম পদের অবস্থান হবে (51 - 60) শ্রেণিতে।

অর্থাৎ, মধ্যক শ্রেণি (51 - 60)।

এখানে, L = 51

$$F_c = 22$$

$$f_m = 13$$

$$h = 10$$

$$\text{আমরা জানি, মধ্যক} = L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$$

$$= 51 + (25 - 22) \times \frac{10}{13}$$

$$= 51 + \frac{3 \times 10}{13}$$

$$= 51 + 2.31$$


$$= 53.31 \text{ (প্রায়) (Ans.)}$$

গ. গণসংখ্যা বহুভুজ অঙ্কনের জন্য সারণি:

শ্রেণি ব্যাপ্তি	শ্রেণি মধ্যবিন্দু	গণসংখ্যা
21 - 30	25.5	4
31 - 40	35.5	8
41 - 50	45.5	10
51 - 60	55.5	13

61 - 70	65.5	5
71 - 80	75.5	7
81 - 90	85.5	3

এখন, ছক কাগজের x-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 1 ঘরকে শ্রেণি মধ্যবিন্দুর 2 একক এবং y-অক্ষ বরাবর প্রতি ঘরকে গণসংখ্যার 1 একক ধরে গণসংখ্যা বহুভুজ অঙ্কন করা হলো। মূলবিন্দু থেকে 15.5 পর্যন্ত ঘরগুলো আছে বুঝাতে ভাঙা চিহ্ন ব্যবহার করা হয়েছে।



চিত্র : গণসংখ্যা বহুভুজ

প্রশ্ন ১৩৮ 30 জন শিক্ষার্থীর গণিতের প্রাপ্ত নম্বর নিচে দেওয়া হলো:

48, 66, 50, 46, 59, 46, 50, 46, 65, 51, 61, 60, 54, 36, 45, 50, 48, 58, 67, 60, 55, 68, 58, 60, 61, 64, 35, 50, 60, 40

[কুমিল্পা জিলা স্কুল, কুমিল্পা □ প্রশ্ন নং ১১]

- ক. কেন্দ্রীয় প্রবণতার পরিমাপগুলোর নাম উল্লেখপূর্বক এর ব্যাখ্যা দাও। ২
 খ. শ্রেণি ব্যাপ্তি 5 ধরে গণসংখ্যা সারণি তৈরি করে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. সারণি থেকে অজিত রেখা অঙ্কন করে সংক্ষিপ্ত বিবরণ দাও। ৪

১৩৮ নং প্রশ্নের সমাধান

ক. পাঠ্যবইয়ের অধ্যায়-১৭ এর পৃষ্ঠা-৩৩৩ দৃষ্টব্য।

খ. প্রদত্ত উপাত্তে সর্বোচ্চ নম্বর = 68, এবং সর্বনিম্ন নম্বর = 35

$$\therefore \text{পরিসর} = (68 - 35) + 1 = 34$$

$$\text{শ্রেণিব্যাপ্তি 5 ধরে গণসংখ্যা} = \frac{34}{5} \approx 7$$

সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি:

শ্রেণি ব্যাপ্তি	শ্রেণি মধ্যমান x_i	ট্যালি	গণসংখ্যা f_i	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	$f_i u_i$
35 - 39	37		2	-3	-6
40 - 44	42		1	-2	-2
45 - 49	47		6	-1	-6
50 - 54	$52 \leftarrow a$		6	0	0
55 - 59	57		4	1	4
60 - 64	62		7	2	14
65 - 69	67		4	3	12
মোট			n = 30		$\sum f_i u_i = 16$

$$\therefore \text{গড়, } \bar{x} = a + \frac{\sum f_i u_i}{n} \times h$$



$$= 52 + \frac{16}{30} \times 5$$


$$= 52 + 2.667$$

$$= 54.667 \text{ (প্রায়) (Ans.)}$$

গ. অজিত রেখা অঙ্কনের সারণি:

শ্রেণি ব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
35-39	2	2
40-44	1	3
45-49	6	9
50-54	6	15
55-59	4	19
60-64	7	26
65-69	4	30

এখন, x-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 1 ঘরকে শ্রেণি ব্যবধানের উচ্চসীমার 1 একক এবং y-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 1 ঘরকে ক্রমযোজিত গণসংখ্যার 1 একক ধরে প্রদত্ত উপাত্তের অজিত রেখা আঁকা হলো। মূলবিন্দু থেকে 34 পর্যন্ত ঘরগুলো আছে বুঝাতে ভাগ্য চিহ্ন ব্যবহার করা হয়েছে।



প্রশ্ন ▶ ১৩৯ ১০ম শ্রেণির 60 জন শিক্ষার্থীর ওজনের গণসংখ্যা সারণি দেওয়া হলো:

ওজন (কেজি)	41-45	46-50	51-55	56-60	61-65	66-70
শিক্ষার্থীর সংখ্যা	4	6	12	20	15	3

[গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, কুমিল্লা □ প্রশ্ন নং ১০]

- ক. চলকের পরিচয়সহ প্রচুরক নির্ণয়ের সূত্রটি লিখ। ২
 খ. সারণি হতে মধ্যক নির্ণয় কর। ৪
 গ. গণসংখ্যা সারণি হতে আয়তলেখ অঙ্কন কর। ৪

১৩৯ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ১৮ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৪০

শ্রেণি	46-50	51-55	56-60	61-65	66-70
গণসংখ্যা	5	10	20	15	10

[গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, কুমিল্লা □ প্রশ্ন নং ১১]

- ক. মধ্যক শ্রেণির নিসীমা নির্ণয় কর। ২

- খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. সারণির গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

১৪০ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৩৩ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৪১ নিচে একটি গণসংখ্যা সারণি দেওয়া হলো-

শ্রেণিব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	5	6	8	12	5	8	6

[ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা □ প্রশ্ন নং ১০]

- ক. মধ্যক শ্রেণির মধ্যবিন্দু নির্ণয় কর। ২
 খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

১৪১ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৩৪ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৪২ নিচের একটি গণসংখ্যা সারণি দেওয়া হলো:

শ্রেণিব্যাপ্তি	50-54	55-59	60-64	65-69	70-74
গণসংখ্যা	7	13	19	15	9

[ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা □ প্রশ্ন নং ১১]

- ক. সারণি থেকে প্রচুরক নির্ণয় কর। ২
 খ. সারণি থেকে মধ্যক নির্ণয় কর। ৪
 গ. প্রদত্ত উপাত্ত হতে অজিত রেখা আঁক। ৪

১৪২ নং প্রশ্নের সমাধান

ক. প্রদত্ত সারণিতে গণসংখ্যা সর্বাধিক 19 আছে (60-64) শ্রেণিতে।

অতএব, প্রচুরক শ্রেণি (60 - 64)

এখানে, L = 60

$$f_1 = 19 - 13 = 6$$

$$f_2 = 19 - 15 = 4 \text{ এবং}$$

$$h = 5$$

$$\therefore \text{প্রচুরক} = L + \frac{f_1}{f_1 + f_2} \times h$$

$$= 60 + \frac{6}{6 + 4} \times 5$$

$$= 60 + 3$$

$$= 63 \text{ (Ans.)}$$

খ.

শ্রেণি ব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
50-54	7	7
55-59	13	20
60-64	19	39
65-69	15	54
70-74	9	63
	n = 63	

এখানে, n = 63 এবং $\frac{n+1}{2} = \frac{63+1}{2} = 32$

অর্থাৎ, মধ্যক হলো 32-তম পদের মান।

32-তম পদের অবস্থান হবে (60-64) শ্রেণিতে।

\therefore মধ্যক শ্রেণি হলো (60 - 64) শ্রেণিতে।

সুতরাং L = 60,


$$f_c = 20$$

$$f_m = 19, h = 5$$



$$\begin{aligned} \therefore \text{মধ্যক} &= L + \left(\frac{n}{2} - F_c\right) \frac{h}{f_m} \\ &= 60 + (31.5 - 20) \times \frac{5}{19} \\ &= 60 + 3.03 \\ &= 63.03 \text{ (প্রায়) (Ans.)} \end{aligned}$$

গ 'খ' এর প্রাপ্ত সারণি ব্যবহার করে,
x-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 1 ঘরকে শ্রেণি ব্যবধানের উচ্চসীমার 1 একক এবং y-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 1 ঘরকে ক্রমযোজিত গণসংখ্যার 2 একক ধরে প্রদত্ত উপাত্তের অজিত রেখা আঁকা হলো। মূলবিন্দু থেকে 49 পর্যন্ত ঘরগুলো আছে বুঝতে ভাঙ্গা চিহ্ন ব্যবহার করা হয়েছে।



→ শ্রেণি ব্যবধানের উচ্চসীমা

চিত্র: অজিত রেখা

প্রশ্ন ▶ ১৪৩ নিচে 25 জন শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষায় গণিত বিষয়ের প্রাপ্ত নম্বর দেওয়া হলো: [কুমিল্পা মডার্ন হাই স্কুল, কুমিল্পা □ প্রশ্ন নং ১০]

67, 71, 77, 65, 72, 80, 84, 80, 61, 62,
82, 72, 81, 68, 80, 75, 65, 72, 75, 83,
80, 81, 67, 74, 88

- ক. 5 শ্রেণি ব্যবধান ধরে গণসংখ্যা সারণি তৈরি করো। ২
খ. গণসংখ্যা সারণি হতে প্রচুরক নির্ণয় করো। ৪
গ. গণসংখ্যা সারণি হতে গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

১৪৩ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৩০ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৪৪ ১০ম শ্রেণির 60 জন শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো:

শ্রেণিব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90
----------------	-------	-------	-------	-------	-------	-------

গণসংখ্যা	6	8	12	22	5	7
----------	---	---	----	----	---	---

[কুমিল্পা মডার্ন হাই স্কুল, কুমিল্পা □ প্রশ্ন নং ১১]

- ক. ক্রমযোজিত গণসংখ্যা সারণি তৈরি কর। ২
খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
গ. গণসংখ্যা নিবেশনের আয়তলেখ অঙ্কন কর। ৪

১৪৪ নং প্রশ্নের সমাধান

ক নিচে প্রদত্ত গণসংখ্যা নিবেশন সারণির ক্রমযোজিত গণসংখ্যা সারণি তৈরি করা হলো:

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
31 - 40	6	6
41 - 50	8	14
51 - 60	12	26
61 - 70	22	48
71 - 80	5	53
81 - 90	7	60

খ সৃজনশীল ২৯(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ সৃজনশীল ২৯(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৪৫ মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ১০ম শ্রেণির শিক্ষার্থীদের গণিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি দেয়া হলো—

শ্রেণিব্যাপ্তি	25-34	35-44	45-54	55-64	65-74	75-84	85-94
গণসংখ্যা	5	10	15	20	30	16	4

[মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর □ প্রশ্ন নং ১০]

- ক. প্রদত্ত সারণির যোজিত ফল নির্ণয় কর। ২
খ. সারণি হতে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
গ. সারণি হতে মধ্যক নির্ণয় কর। ৪

১৪৫ নং প্রশ্নের সমাধান

ক সৃজনশীল ৪০(ক) নং সমাধান দ্রষ্টব্য।

খ সৃজনশীল ৪০(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ মধ্যক নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
25-34	5	5
35-44	10	15
45-54	15	30
55-64	20	50
65-74	30	80
75-84	16	96
85-94	4	100
	n = 100	

এখানে, n = 100

$$\text{এবং } \frac{n}{2} = \frac{100}{2} = 50$$



এখানে, (55-64) শ্রেণির ক্রমযোজিত গণসংখ্যা $\frac{n}{2}$ এর সমান।

সুতরাং মধ্যক শ্রেণি হবে (55-64) শ্রেণির পরবর্তী শ্রেণি

অর্থাৎ (65-74) শ্রেণি।

এখন, $L = 65$

$F_c = 50$

$f_m = 30$

$h = 10$

$$\therefore \text{মধ্যক} = L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$$

$$= 65 + (50 - 50) \times \frac{10}{30}$$

$$= 65 \text{ (Ans.)}$$

প্রশ্ন ১৪৬ কোনো বিদ্যালয়ের ১০ম শ্রেণির 25 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরগুলো নিচে দেয়া হলো—

75, 63, 86, 71, 66, 76, 65, 73, 80, 83, 63, 74, 69, 79, 77, 69, 74, 85, 72, 78, 84, 63, 75, 88, 67

[মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর □ প্রশ্ন নং ১১]

ক. শ্রেণি ব্যবধান 5 ধরে শ্রেণি সংখ্যা নির্ণয় কর। ২

খ. শ্রেণি ব্যবধান 6 ধরে সারণি তৈরি কর এবং সারণি হতে প্রচুরক নির্ণয় কর। ৪

গ. সারণিতে প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

১৪৬ নং প্রশ্নের সমাধান

ক এখানে, সর্বোচ্চ নম্বর = 88

এবং সর্বনিম্ন নম্বর = 63

$$\therefore \text{পরিসর} = (88 - 63) + 1$$

$$= 25 + 1$$

$$= 26$$

শ্রেণি ব্যবধান 5 ধরে শ্রেণিসংখ্যা হবে $\frac{26}{5} = 5.2 \approx 6$ টি (Ans.)

খ 'ক' থেকে পাই, পরিসর = 26

শ্রেণি ব্যবধান 6 ধরে শ্রেণি সংখ্যা হবে $\frac{26}{6} = 4.33 \approx 5$

শ্রেণিব্যাপ্তি	ট্যালি	গণসংখ্যা
63-68		6
69-74		7
75-80		7
81-86		4
87-92		1
		n = 25

প্রাপ্ত সারণিতে সর্বোচ্চ গণসংখ্যা আছে (69-74) ও (75-80) শ্রেণিতে।

\therefore প্রচুরক শ্রেণি (69-74) ও (75-80)

(69-74) এর ক্ষেত্রে,

$$L = 69$$

$$f_1 = 7 - 6 = 1$$

$$f_2 = 7 - 7 = 0$$

$$h = 6$$

(75-80) এর ক্ষেত্রে,

$$L = 75$$

$$f_1 = 7 - 7 = 0$$

$$f_2 = 7 - 4 = 3$$

$$h = 6$$

$$\therefore \text{প্রচুরক} = L + \frac{f_1}{f_1 + f_2} + h$$

$$= 69 + \frac{1}{1+0} \times 6$$

$$= 69 + 6$$

$$= 75 \text{ (Ans.)}$$

$$\therefore \text{প্রচুরক} = L + \frac{f_1}{f_1 + f_2} + h$$

$$= 75 + \frac{0}{0+3} \times 6$$

$$= 75 + \frac{0}{3} \times 6$$

$$= 75 + 0$$


$$= 75 \text{ (Ans.)}$$

\therefore প্রচুরক 75 (Ans.)

গ গণসংখ্যা বহুভুজ অঙ্কনের সারণি:

শ্রেণিব্যাপ্তি	শ্রেণি মধ্যমান	গণসংখ্যা
63-68	65.5	6
69-74	71.5	7
75-80	77.5	7
81-86	83.5	4
87-92	89.5	1

এখন ছক কাগজে X-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে শ্রেণি মধ্যবিন্দু 1 একক ধরে এবং Y-অক্ষ বরাবর প্রতি 5 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে গণসংখ্যা বহুভুজ অঙ্কন করা হলো। মূলবিন্দু থেকে 61.5 পর্যন্ত ঘরগুলো আছে বোঝাতে ভাগ্য চিহ্ন ব্যবহার করা হয়েছে।



প্রশ্ন ১৪৭ কোন স্কুলের দশম শ্রেণির 35 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বর নিম্নরূপ:

55, 45, 40, 60, 100, 65, 40, 100, 75, 70, 60, 70, 95, 85, 80, 35, 45, 40, 50, 60, 55, 65, 45, 85, 30, 90, 85, 75, 75, 100, 80, 70, 30, 55, 70

[নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী □ প্রশ্ন নং ১০]

ক. পরিসর নির্ণয় কর। ২

খ. শ্রেণি ব্যবধান 5 ধরে মধ্যক নির্ণয়ের জন্য গণসংখ্যা নিবেশন সারণি তৈরি করে মধ্যক নির্ণয় কর। ৪

গ. সারণি থেকে অজিত রেখা আঁক। ৪



MMYZ (AvewKAK)

১৪৭ নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত উপাঙ্গের সর্বনিম্ন নম্বর = 30 এবং সর্বোচ্চ নম্বর = 100

$$\therefore \text{পরিসর} = (100 - 30) + 1 \\ = 71 \text{ (Ans.)}$$

খ ক' হতে পাই, পরিসর 71।

$$\text{শ্রেণি ব্যবধান 5 ধরে শ্রেণিসংখ্যা} = \frac{71}{5} \\ = 14.2 \approx 15$$

মধ্যক নির্ণয়ের জন্য ক্রমযোজিত গণসংখ্যা সারণি নিরূপণ :

শ্রেণিব্যাপ্তি	ট্যালি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
30-34		2	2
35-39		1	3
40-44		3	6
45-49		3	9
50-54		1	10
55-59		3	13
60-64		3	16
65-69		2	18
70-74		4	22
75-79		3	25
80-84		2	27
85-89		3	30
90-94		1	31
95-99		1	32
100-104		3	35
		n = 35	

$$\text{এখানে, } n = 35 \text{ এবং } \frac{n+1}{2} = \frac{36}{2} = 18$$

অর্থাৎ মধ্যক হলো 18 তম পদের মান।

18 তম পদের অবস্থান হবে (65-69) শ্রেণিতে।


\therefore মধ্যক শ্রেণি হলো (65-69)

সুতরাং $L = 65$, $F_c = 16$, $f_m = 2$, $h = 5$

$$\therefore \text{মধ্যক} = L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m} \\ = 65 + (17.5 - 16) \times \frac{5}{2} = 68.75 \text{ (Ans.)}$$

গ 'খ' এর সারণি ব্যবহার করে অজিত রেখা আঁকা হলো :

এখন, x-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 1 ঘরকে শ্রেণি ব্যবধানের উচ্চসীমার 1 একক এবং y-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 1 ঘরকে ক্রমযোজিত গণসংখ্যার 1 একক ধরে প্রদত্ত উপাঙ্গের অজিত রেখা আঁকা হলো। মূলবিন্দু থেকে 29 পর্যন্ত ঘরগুলো আছে বুঝাতে ভাগ্য চিহ্ন ব্যবহার করা হয়েছে।



প্রশ্ন 18৮ দশম শ্রেণির 21 জন ছাত্র-ছাত্রীর গণিত বিষয়ের প্রাপ্ত নম্বর :

80, 75, 66, 68, 69, 73, 77, 90, 92, 68, 70, 71, 72, 77, 85, 75, 77, 81, 85, 75, 77

[নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী □ প্রশ্ন নং ১১]

ক. অবিচ্ছিন্ন চলক বলতে কী বুঝ? ২

খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। 8

গ. অবিচ্ছিন্ন শ্রেণিসীমা নিয়ে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি করে আয়তলেখ অঙ্কন কর। 8

১৪৮ নং প্রশ্নের সমাধান

ক সৃজনশীল ২১(ক) নং সমাধান দ্রষ্টব্য।

খ প্রদত্ত উপাঙ্গের সর্বনিম্ন নম্বর = 66 এবং সর্বোচ্চ নম্বর = 92

$$\therefore \text{পরিসর} = (92 - 66) + 1 = 27$$

$$\text{শ্রেণি ব্যবধান 5 ধরে শ্রেণি সংখ্যা} = \frac{27}{5} = 5.4 \approx 6$$

সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের গণসংখ্যা নিবেশন সারণি:

শ্রেণিব্যাপ্তি	ট্যালি	শ্রেণি মধ্যমান (x _i)	গণসংখ্যা (f _i)	ধাপ বিচ্যুতি u _i = $\frac{x_i - a}{h}$	f _i u _i
66-70		68	5	-2	-10
71-75		73	6	-1	-6
76-80		78 ← a	5	0	0
81-85		83	3	1	3
86-90		88	1	2	2
91-95		93	1	3	3
		n = 21			$\sum f_i u_i = -$ 8

$$\therefore \text{গড়, } \bar{x} = a + \frac{\sum f_i u_i}{n} \times h$$


$$= 78 + \frac{-8}{21} \times 5$$

$$= 76.095 \text{ (প্রায়) (Ans.)}$$

গ আয়তলেখ অঙ্কনের সারণি:

শ্রেণি ব্যাপ্তি	অবিচ্ছিন্ন শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা
66 - 70	65.5 - 70.5	5
71 - 75	70.5 - 75.5	6
76 - 80	75.5 - 80.5	5
81 - 85	80.5 - 85.5	3
86 - 90	85.5 - 90.5	1
91 - 95	90.5 - 95.5	1

ছক কাগজে X-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি 1 বাছুর দৈর্ঘ্যকে অবিচ্ছিন্ন শ্রেণিসীমার 1 একক এবং Y-অক্ষ বরাবর প্রতি 5 বাছুর দৈর্ঘ্যকে গণসংখ্যার 1 একক ধরে আয়তলেখ অঙ্কন করা হয়েছে। মূলবিন্দু থেকে 65.5 পর্যন্ত ঘরগুলো আছে বুঝাতে ভাগ্য চিহ্ন ব্যবহার করা হয়েছে।



চিত্র: অজিত রেখা

প্রশ্ন ১৪৯ কোনো পরীক্ষায় 70 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি নিরূপ:

শ্রেণি ব্যাপ্তি	35-39	40-44	45-49	50-54	55-59	60-64
গণসংখ্যা	3	10	18	25	8	6

[লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর □ প্রশ্ন নং ১০]

- ক. 5, 6, 1, 8, 3 উপাত্তের প্রচুরক আছে কি? ব্যাখ্যা কর। ২
 খ. সারণি থেকে প্রচুরক নির্ণয় কর। ৪
 গ. সারণি থেকে অজিত রেখা অঙ্কন কর। ৪

১৪৯ নং প্রশ্নের সমাধান

ক 5, 6, 1, 8, 3 উপাত্তসমূহের প্রচুরক নেই। কারণ কোন উপাত্তই একাধিকবার নেই।

খ সৃজনশীল ৫(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ সৃজনশীল ৫(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ১৫০ লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির 60 জন শিক্ষার্থীর স্কুল যাতায়াত বাবদ প্রতিদিনের খরচের গণসংখ্যা নিবেশন সারণি নিরূপ:

শ্রেণিব্যাপ্তি (টাকায়)	25-29	30-34	35-39	40-44	45-49	50-54
গণসংখ্যা	10	12	20	6	7	5

[লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর □ প্রশ্ন নং ১১]

- ক. মধ্যক শ্রেণি উল্লেখ্য পূর্বক F_c এর মান নির্ণয় কর। ২
 খ. প্রদত্ত উপাত্ত হতে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

১৫০ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৬ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ১৫১ একটি বুড়িতে রাখা 20টি আমের ওজন (গ্রামে) দেয়া হলো:

45	40	25	20	16	50	55	35	40	60
58	52	32	18	22	25	53	51	30	44

[ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ফেনী □ প্রশ্ন নং ১০]

- ক. 5 শ্রেণিব্যাপ্তি ধরে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি কর। ২
 খ. সারণি থেকে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. সংক্ষিপ্ত বর্ণনাসহ প্রদত্ত উপাত্তের অজিত রেখা অঙ্কন কর। ৪

১৫১ নং প্রশ্নের সমাধান

ক এখানে, সর্বনিম্ন ওজন = 16 গ্রাম এবং সর্বোচ্চ ওজন = 60 গ্রাম

$$\therefore \text{পরিসর} = (60 - 16) + 1 = 45$$

$$\therefore \text{শ্রেণি ব্যাপ্তি 5 ধরে শ্রেণিসংখ্যা} = \frac{45}{5} = 9$$

\therefore শ্রেণি সংখ্যা হবে 9টি

\therefore গণসংখ্যা নিবেশন সারণি নিরূপ:

শ্রেণি ব্যাপ্তি	ট্যালি চিহ্ন	গণসংখ্যা
16 - 20		3
21 - 25		3
26 - 30		1
31 - 35		2
36 - 40		2
41 - 45		2
46 - 50		1
51 - 55		4
56 - 60		2
মোট		20

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি নিরূপ:


শ্রেণি ব্যাপ্তি	মধ্যমান x_i	গণসংখ্যা f_i	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	$f_i u_i$
16 - 20	18	3	-4	-12
21 - 25	23	3	-3	-9
26 - 30	28	1	-2	-2
31 - 35	33	2	-1	-2
36 - 40	$a \rightarrow 38$	2	0	0
41 - 45	43	2	1	2
46 - 50	48	1	2	2
51 - 55	53	4	3	12
56 - 60	58	2	4	8
		$n = 20$		$\sum f_i u_i = -1$

$$\therefore \text{গড়, } \bar{x} = a + \frac{\sum f_i u_i}{n} \times h = 38 + \frac{-1}{20} \times 5 = 37.75 \text{ (Ans.)}$$

গ অজিত রেখা অঙ্কনের জন্য প্রয়োজনীয় ক্রমযোজিত গণসংখ্যা সারণি:

শ্রেণি ব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
16 - 20	3	3
21 - 25	3	6
26 - 30	1	7
31 - 35	2	9
36 - 40	2	11
41 - 45	2	13
46 - 50	1	14
51 - 55	4	18
56 - 60	2	20

এখন, x -অক্ষ বরাবর ছক কাগজের প্রতি ঘরকে শ্রেণি ব্যবধানের উচ্চসীমার 1 একক এবং y -অক্ষ বরাবর ছক কাগজের প্রতি ঘরকে ক্রমযোজিত গণসংখ্যার 1 একক ধরে প্রদত্ত উপাত্তের অজিত রেখা আঁকা হলো। মূলবিন্দু থেকে 15 পর্যন্ত ঘরগুলো আছে বুঝাতে ভাগ্য চিহ্ন ব্যবহার করা হয়েছে।



প্রশ্ন ১৫২ নিচে একটি গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো:

শ্রেণি ব্যক্তি	10-14	15-19	20-24	25-29	30-34	35-39
গণসংখ্যা	15	20	15	15	17	18

[ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ফেনী □ প্রশ্ন নং ১১]

- ক. প্রচুরক শ্রেণি কোনটি ব্যাখ্যা কর। ২
 খ. সারণি হতে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

১৫২ নং প্রশ্নের সমাধান


- ক. প্রদত্ত গণসংখ্যা নিবেশন সারণিতে সর্বাধিক গণসংখ্যা ২০। যা (15-19) শ্রেণিতে বিদ্যমান। আমরা জানি, কোনো গণসংখ্যা নিবেশন সারণির যেই শ্রেণিতে সর্বাধিক গণসংখ্যা বিদ্যমান ঐ শ্রেণিতে উক্ত নিবেশনের প্রচুরক মান অবস্থান করে। সুতরাং নির্ণয় প্রচুরক শ্রেণি (15-19)।

- খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি নিরূপণ:

শ্রেণি ব্যক্তি	শ্রেণি মধ্যমান x_i	গণসংখ্যা f_i	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	$f_i u_i$
10-14	12	15	-2	-30
15-19	17	20	-1	-20
20-24	22 ← a	15	0	0
25-29	27	15	1	15
30-34	32	17	2	34
35-39	37	18	3	54
মোট		n = 100		$\Sigma f_i u_i = 53$

$$\begin{aligned} \therefore \text{নির্ণয় গড়, } \bar{x} &= a + \frac{\Sigma f_i u_i}{n} \times h \\ &= 22 + \frac{53}{100} \times 5 \\ &= 22 + 2.65 \\ &= 24.65 \text{ (Ans.)} \end{aligned}$$

- গ. 'খ' এর প্রাপ্ত সারণি ব্যবহার করে ছক কাগজের x-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি 1 ঘরকে শ্রেণি মধ্যবিন্দুর এক একক এবং y-অক্ষ বরাবর প্রতি ঘরকে গণসংখ্যার এক একক ধরে গণসংখ্যা বহুভুজ অঙ্কন করা হলো। মূলবিন্দু থেকে 7 পর্যন্ত ঘরগুলো আছে বুঝাতে ভাগ্য চিহ্ন ব্যবহার করা হয়েছে।



চিত্র: গণসংখ্যা বহুভুজ

প্রশ্ন ১৫৩ কোন বিজ্ঞান ক্লাবের সদস্যদের ভরের (কেজি) গণসংখ্যা নিবেশন সারণি নিরূপণ:

শ্রেণি ব্যক্তি	44-48	49-53	54-58	59-63	64-68	69-73
গণসংখ্যা	4	11	13	19	8	5

[ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, ফেনী □ প্রশ্ন নং ১০]

- ক. 26, 18, 35, 25, 15, 49 এর মধ্যক নির্ণয় কর। ২
 খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গাণিতিক গড় নির্ণয় কর। ৪
 গ. প্রদত্ত উপাত্তের অর্জিত রেখা অঙ্কন কর। ৪

১৫৩ নং প্রশ্নের সমাধান

- ক. উপাত্তগুলোকে মানের উর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে পাই, 15, 18, 25, 26, 35, 49 এখানে, মোট উপাত্ত সংখ্যা = 6 যা জোড় সংখ্যা

$$\therefore \text{মধ্যক} = \frac{\frac{6}{2} \text{ তম পদ} + \left(\frac{6}{2} + 1\right) \text{ তম পদ}}{2}$$

$$= \frac{3 \text{ তম পদ} + 8 \text{ তম পদ}}{2}$$

$$= \frac{25 + 26}{2} = 25.5 \text{ (Ans.)}$$

- খ. সৃজনশীল ১২(খ) নং সমাধান দ্রষ্টব্য।
 গ. সৃজনশীল ১২(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ১৫৪ গণসংখ্যা নিবেশন সারণি নিরূপণ:

শ্রেণিব্যক্তি	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	6	8	13	10	8	5

[ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, ফেনী □ প্রশ্ন নং ১১]

- ক. প্রচুরক শ্রেণির মধ্যবিন্দু কত? ২
 খ. সারণি হতে মধ্যক নির্ণয় কর। ৪
 গ. সারণি হতে গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

১৫৪ নং প্রশ্নের সমাধান

- ক. এখানে, গণসংখ্যা সর্বোচ্চ 13 আছে (61-70) শ্রেণিতে।

$$\therefore \text{প্রচুরক শ্রেণি (61-70)}$$

$$\therefore \text{শ্রেণি মধ্যমান} = \frac{61 + 70}{2}$$

$$= 65.5 \text{ (Ans.)}$$

- খ. মধ্যক নির্ণয়ের গণসংখ্যা নিবেশন সারণি:

শ্রেণিব্যক্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
41-50	6	6
51-60	8	14
61-70	13	27
71-80	10	37
81-90	8	45
91-100	5	50
	n = 50	

এখানে, $n = 50$ এবং $\frac{n}{2} = \frac{50}{2} = 25$

অতএব, মধ্যক হলো 25-তম পদের মান। 25-তম পদের অবস্থান হবে (61 – 70) শ্রেণিতে। অর্থাৎ, মধ্যক শ্রেণি (61–70)

এখানে, $L = 61$

$$F_c = 14$$

$$f_m = 13$$

$$h = 10$$

$$\text{আমরা জানি, মধ্যক} = L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$$

$$= 61 + (25 - 14) \times \frac{10}{13}$$


$$= 61 + \frac{11 \times 10}{13}$$

$$= 69.46 \text{ (প্রায়) (Ans.)}$$

গ গণসংখ্যা বহুভুজ অঙ্কনের জন্য সারণি:

শ্রেণিব্যাপ্তি	শ্রেণি মধ্যবিন্দু	গণসংখ্যা
41-50	45.5	6
51-60	55.5	8
61-70	65.5	13
71-80	75.5	10
81-90	85.5	8
91-100	95.5	5

ছক কাগজের X-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি 1 ঘরকে শ্রেণি মধ্যবিন্দুর 2 একক এবং Y-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে গণসংখ্যা বহুভুজ অঙ্কন করা হলো। মূলবিন্দু থেকে 45.5 পর্যন্ত ঘরগুলো আছে বুঝাতে ভাগা চিহ্ন ব্যবহার করা হয়েছে।



প্রশ্ন 155 10ম শ্রেণির 50 জন ছাত্রের গণিতে প্রাপ্ত নম্বর নিরূপণ:

প্রাপ্ত নম্বর	51-60	61-70	71-80	81-90	91-100
শিক্ষার্থী	5	10	17	15	3

[শাহীন একাডেমী স্কুল এন্ড কলেজ, ফেনী □ প্রশ্ন নং 10]

- ক. মধ্যক শ্রেণির মধ্যমান কত? 2
- খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় প্রাপ্ত নম্বর নির্ণয় কর। 8
- গ. প্রদত্ত নিবেশনের গণসংখ্যা বহুভুজ আঁক। 8

155 নং প্রশ্নের সমাধান

ক

প্রাপ্ত নম্বর	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
51-60	5	5
61-70	10	15
71-80	17	32
81-90	15	47
91-100	3	50
মোট	$n = 50$	

এখানে, মোট গণসংখ্যা, $n = 50$

$$\therefore \frac{n}{2} = \frac{50}{2} = 25 \text{ তম পদের মান মধ্যক}$$

25 তম পদ (71-80) শ্রেণিতে বিদ্যমান।

\therefore মধ্যক শ্রেণি (71-80)

$$\therefore \text{মধ্যক শ্রেণির মধ্যবিন্দু} = \frac{71 + 80}{2} = 75.5 \text{ (Ans.)}$$

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি:


শ্রেণিব্যাপ্তি	শ্রেণি মধ্যমান x_i	গণসংখ্যা, f_i	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	$f_i u_i$
51-60	55.5	5	-2	-10
61-70	65.5	10	-1	-10
71-80	75.5 ← a	17	0	0
81-90	85.5	15	1	15
91-100	95.5	3	2	6
		$n = 50$		$\Sigma f_i u_i = 1$

$$\therefore \text{গড়, } \bar{x} = a + \frac{\Sigma f_i u_i}{n} \times h$$

$$= 75.5 + \frac{1}{50} \times 10 = 75.7 \text{ (Ans.)}$$

গ 'খ' তে প্রাপ্ত সারণি ব্যবহার করে:

ছক কাগজের x-অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি 1 ঘরকে শ্রেণি মধ্যবিন্দুর 2 একক এবং y-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে গণসংখ্যা বহুভুজ অঙ্কন করা হলো। মূলবিন্দু থেকে 45.5 পর্যন্ত ঘরগুলো আছে বুঝাতে ভাগা চিহ্ন ব্যবহার করা হয়েছে।



চিত্র : গণসংখ্যা বহুভুজ

প্রশ্ন 156 50 জন শিক্ষার্থীর ওজনের (kg) গণসংখ্যা নিবেশন নিরূপণ:

ওজন (kg)	45	50	55	60	65	70
----------	----	----	----	----	----	----



M.W.Y.Z. (AvevkaK)

গণসংখ্যা	2	6	8	16	12	6
----------	---	---	---	----	----	---

[শাহীন একাডেমী স্কুল এন্ড কলেজ, ফেনী □ প্রশ্ন নং ১১]

- ক. কেন্দ্রীয় প্রবণতা কাকে বলে? উহার পরিমাপক গুলোর নাম লিখ? ২
 খ. প্রদত্ত তথ্যের মধ্যক ও প্রচুরক বের কর। 8
 গ. উদ্দীপকের তথ্যের আলোকে অজিত রেখা অঙ্কন কর। 8

১৫৬ নং প্রশ্নের সমাধান

ক. সৃজনশীল ২২(ক)নং সমাধান দ্রষ্টব্য।

খ. শিক্ষার্থীদের ওজনের মধ্যক নির্ণয়ের জন্য প্রয়োজনীয় সারণি:

ওজন (কেজি)	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
45	2	2
50	6	8
55	8	16
60	16	32
65	12	44
70	6	50
মোট	n = 50	

এখানে, n = 50 যা জোড় সংখ্যা।

$$\therefore \text{মধ্যক} = \frac{\frac{50}{2} \text{ তম ও } \left(\frac{50}{2} + 1\right) \text{ তম পদ দুইটির মানের সমষ্টি}}{2}$$

$$= \frac{25 \text{ তম ও } 26 \text{ তম পদ দুইটির মানের সমষ্টি}}{2}$$

$$= \frac{60 + 60}{2}$$


$$= \frac{120}{2} = 60$$

\therefore মধ্যক 60 (Ans.)

আবার, 60 আছে সর্বাধিক 16 বার।

\therefore প্রদত্ত উপাঙ্গের প্রচুরক 60। (Ans.)

- গ. 'খ' এর সারণি ব্যবহার করে ছক কাগজে X-অক্ষ ও Y-অক্ষ বরাবর প্রতি ঘরকে 1 একক বিবেচনা করি। X-অক্ষ বরাবর ওজন এবং Y-অক্ষ বরাবর ক্রমযোজিত গণসংখ্যা নিয়ে অঙ্কিত লেখই নির্ণয় অজিত রেখা। মূলবিন্দু হতে 40 পর্যন্ত ঘরগুলো আছে বোঝাতে ভাগা চিহ্ন বোঝানো হয়েছে।



চিত্র: অজিত রেখা

প্রশ্ন ১৫৭ নিচে একটি গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া আছে।

শ্রেণি ব্যাপ্তি	40-45	46-51	52-57	58-63	64-69	70-75
গণসংখ্যা	2	10	19	24	9	6

[চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম □ প্রশ্ন নং ১০]

- ক. বিচ্ছিন্ন ও অবিচ্ছিন্ন চলক কাকে বলে? ২
 খ. উপরের গণসংখ্যা সারণি থেকে মধ্যক নির্ণয় কর। 8
 গ. সারণিতে প্রদত্ত উপাঙ্গের বহুভুজ অঙ্কন কর। 8

১৫৭ নং প্রশ্নের সমাধান

ক. সৃজনশীল ১৭(ক) নং সমাধান দ্রষ্টব্য।

খ.

শ্রেণি ব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
40-45	2	2
46-51	10	12
52-57	19	31
58-63	24	55
64-69	9	64
70-75	6	70

$$\text{এখানে, } n = 70 \quad \therefore \frac{n}{2} = \frac{70}{2} = 35$$

অর্থাৎ, মধ্যক হলো 35-তম পদের মান। 35-তম পদের অবস্থান হবে (58 - 63) শ্রেণিতে।

\therefore মধ্যক শ্রেণি হলো (58 - 63)।

সুতরাং L = 58, Fc = 31, fm = 24, h = 6

$$\therefore \text{মধ্যক} = L + \left(\frac{n}{2} - Fc\right) \times \frac{h}{f_m}$$


$$= 58 + (35 - 31) \times \frac{6}{24}$$

$$= 59 \text{ (Ans.)}$$

গ. গণসংখ্যা বহুভুজ অঙ্কনের জন্য প্রয়োজনীয় সারণি:

শ্রেণি ব্যাপ্তি	শ্রেণি মধ্যবিন্দু	গণসংখ্যা
40-45	42.5	2
46-51	48.5	10
52-57	54.5	19
58-63	60.5	24
64-69	66.5	9
70-75	72.5	6

এখন, ছক কাগজে X-অক্ষ বরাবর প্রতি 5 ঘরকে শ্রেণি মধ্যবিন্দুর 6 একক ধরে এবং Y-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে গণসংখ্যা বহুভুজ অঙ্কন করা হলো। মূলবিন্দু থেকে 36.5 পর্যন্ত ঘরগুলো আছে বোঝাতে ভাগা চিহ্ন ব্যবহার করা হয়েছে।



চিত্র : গণসংখ্যা বহুভুজ

প্রশ্ন ▶ ১৫৮ নিচের সারণিটি লক্ষ্য কর:

শ্রেণি ব্যাপ্তি	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	5	8	12	9	7	4

[চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম □ প্রশ্ন নং ১১]

- ক. গাণিতিক গড় ও গুরুত্বযুক্ত গড় কাকে বলে? ২
 খ. প্রদত্ত সারণি থেকে প্রচুরক নির্ণয় কর। ৪
 গ. উপাত্তের অজিভ রেখা অঙ্কন কর। ৪

১৫৮ নং প্রশ্নের সমাধান

ক. পার্থ্যবইয়ের অধ্যায়-১৭ এর 'গাণিতিক গড় (পৃষ্ঠা-৩৩৩) ও গুরুত্বযুক্ত গড় (পৃষ্ঠা-৩৩৫) দ্রষ্টব্য।

খ. প্রদত্ত গণসংখ্যা নিবেশন সারণিতে গণসংখ্যার সর্বাধিক 12 আছে, (61 – 70) শ্রেণিতে। সুতরাং প্রচুরক শ্রেণি হলো (61-70)

সুতরাং, L = 61

$$f_1 = 12 - 8 = 4$$

$$f_2 = 12 - 9 = 3$$

$$h = 10$$

$$\therefore \text{প্রচুরক} = L + \frac{f_1}{f_1 + f_2} \times h$$

$$= 61 + \frac{4}{4 + 3} \times 10$$


$$= 61 + 5.71$$

$$= 66.71 \text{ (প্রায়) (Ans.)}$$

গ. অজিভ রেখা অঙ্কনের জন্য প্রয়োজনীয় সারণি:

শ্রেণি ব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
41-50	5	5
51-60	8	13
61-70	12	25
71-80	9	34
81-90	7	41
91-100	4	45

এখন, ছক কাগজে X-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে শ্রেণি মধ্যবিন্দুর 2 একক ধরে এবং Y-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে গণসংখ্যা বহুভুজ অঙ্কন করা হলো। মূলবিন্দু থেকে 40 পর্যন্ত ঘরগুলো আছে বোঝাতে ভাঙা চিহ্ন ব্যবহার করা হয়েছে।



প্রশ্ন ▶ ১৫৯ 96 জন কলেজ ছাত্রের উচ্চতার গণসংখ্যা নিবেশন সারণি নিরূপ:

উচ্চতা (সে.মি.)	141-150	151-160	161-170	171-180	181-190
গণসংখ্যা	5	16	56	11	8

[ডা: খানজীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম □ প্রশ্ন নং ১০]

- ক. প্রদত্ত উপাত্তের পরিসর নির্ণয় কর। ২
 খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে শিক্ষার্থীদের গড় উচ্চতা নির্ণয় কর। ৪
 গ. বিবরণসহ প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

১৫৯ নং প্রশ্নের সমাধান

ক. প্রদত্ত উপাত্তের সর্বোচ্চ মান = 190

সর্বনিম্ন মান = 141

$$\therefore \text{পরিসর} = 190 - 141 + 1$$

$$= 50 \text{ (Ans.)}$$

খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি:

শ্রেণি ব্যাপ্তি	শ্রেণি মধ্যমান x_i	গণসংখ্যা f_i	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	$f_i u_i$
141-150	145.5	5	-2	-10
151-160	155.5	16	-1	-16
161-170	165.5 → a	56	0	0
171-180	175.5	11	1	11
181-190	185.5	8	2	16
		n = 96		$\Sigma f_i u_i = 1$




$$\begin{aligned}\therefore \text{গড়, } \bar{x} &= a + \frac{\sum f_i u_i}{n} \times h \\ &= 165.5 + \frac{1}{96} \times 10 \\ &= 165.6 \text{ (প্রায়) (Ans.)}\end{aligned}$$

গ গণসংখ্যা বহুভুজ অঙ্কনের জন্য প্রয়োজনীয় সারণি:

শ্রেণি ব্যাপ্তি	শ্রেণি মধ্যবিন্দু	গণসংখ্যা
141-150	145.5	5
151-160	155.5	16
161-170	165.5	56
171-180	175.5	11
181-190	185.5	8

এখন, ছক কাগজে x-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে শ্রেণি মধ্যবিন্দুর 2 একক ধরে এবং y-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে গণসংখ্যা বহুভুজ অঙ্কন করা হলো। মূলবিন্দু থেকে 135.5 পর্যন্ত ঘরগুলো আছে বোঝাতে ভাঙা চিহ্ন ব্যবহার করা হয়েছে।



চিত্র : গণসংখ্যা বহুভুজ

প্রশ্ন ১৬০ 70 জন শিক্ষার্থীর ইংরেজিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হল:

শ্রেণি ব্যাপ্তি	50-54	55-59	60-64	65-69	70-74
গণসংখ্যা	7	12	18	24	9

[ডা: খানজীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম □ প্রশ্ন নং ১১]

- ক. মধ্যক শ্রেণি উল্লেখ-খপূর্বক F_c এর মান নির্ণয় কর। ২
খ. সারণি হতে প্রচুরক নির্ণয় কর। ৪
গ. প্রদত্ত উপাত্ত হতে অজিত রেখা আঁক। [বর্ণনা আবশ্যিক] ৪

১৬০ নং প্রশ্নের সমাধান

ক মধ্যক শ্রেণি নির্ণয়:

শ্রেণি ব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
50-54	7	7
55-59	12	19
60-64	18	37
65-69	24	61
70-74	9	70

এখানে, $n = 70$

$$\therefore \frac{n}{2} = \frac{70}{2} = 35$$

অর্থাৎ, মধ্যক হলো 35 তম পদের মান। 35 তম পদের অবস্থান হবে (60 - 64) শ্রেণিতে। মধ্যক শ্রেণি হলো (60 - 64)। (Ans.)

খ

শ্রেণি ব্যাপ্তি	গণসংখ্যা
50-54	7
55-59	12
60-64	18
65-69	24
70-74	9

প্রদত্ত গণসংখ্যা নিবেশন সারণিতে গণসংখ্যা সর্বাধিক 24 (65 - 69) শ্রেণিতে।

\therefore প্রচুরক শ্রেণি (65 - 69)

\therefore সুতরাং $L = 65$

$$f_1 = 24 - 18 = 6$$

$$f_2 = 24 - 9 = 15$$

$$h = 5$$

$$\therefore \text{প্রচুরক} = L + \frac{f_1}{f_1 + f_2} \times h$$

$$= 65 + \frac{6}{6 + 15} \times 5$$

$$= 65 + 1.43$$


$$= 66.43 \text{ (প্রায়) (Ans.)}$$

গ অজিত রেখা অঙ্কন:

শ্রেণি ব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
50-54	7	7
55-59	12	19
60-64	18	37
65-69	24	61

70-74	9	70
-------	---	----

এখন, x-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 1 ঘরকে শ্রেণি ব্যবধানের উচ্চসীমার 1 একক এবং y-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 1 ঘরকে ক্রমযোজিত গণসংখ্যার 2 একক ধরে প্রদত্ত উপাত্তের অজিত রেখা আঁকা হলো। মূলবিন্দু থেকে 49 পর্যন্ত ঘরগুলো আছে বুঝাতে ভাসা চিহ্ন ব্যবহার করা হয়েছে।



প্রশ্ন ১৬১ কোনো স্কুলের ১০ম শ্রেণির ৫০ জন শিক্ষার্থীর ওজন (কিলোগ্রাম) হলো:

45, 50, 55, 51, 56, 57, 56, 60, 58, 60, 61, 60, 62, 60, 63, 64, 60, 61, 63, 66, 67, 67, 70, 70, 68, 60, 63, 61, 50, 55, 57, 56, 63, 60, 62, 56, 67, 70, 69, 70, 69, 68, 70, 60, 56, 58, 61, 63, 64, 67

[ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম □ প্রশ্ন নং ১০]

- ক. শ্রেণি ব্যবধান 6 ধরে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি কর। ২
- খ. সারণি থেকে অজিত রেখা অঙ্কন কর। ৪
- গ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪

১৬১ নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত উপাত্তে সর্বোচ্চ ওজন = 70 কি.গ্রা.

সর্বনিম্ন ওজন = 45 কি.গ্রাম

∴ পরিসর = (70 - 45) + 1 = 26

∴ শ্রেণি সংখ্যা = 26 ÷ 6 = 4.33 ≈ 5

শ্রেণি ব্যবধান 6 ধরে গণসংখ্যা নিবেশন সারণি :


প্রাপ্ত নম্বর	ট্যালি	গণসংখ্যা
45-50		3
51-56		8
57-62		18
63-68		14
69-74		7
		n = 50

ক 'ক' তে প্রাপ্ত সারণি ব্যবহার করে :

প্রাপ্ত নম্বর	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
45-50	3	3
51-56	8	11
57-62	18	29
63-68	14	43

69-74	7	50
	n = 50	

x-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 5 ঘরকে শ্রেণি ব্যবধানের উচ্চসীমার 6 একক এবং y-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 1 ঘরকে ক্রমযোজিত গণসংখ্যার 2 একক ধরে প্রদত্ত উপাত্তের অজিত রেখা আঁকা হলো। মূলবিন্দু থেকে 50 পর্যন্ত ঘরগুলো আছে বুঝাতে ভাসা চিহ্ন ব্যবহার করা হয়েছে।



চিত্র: অজিতরেখা

গ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি:

শ্রেণি ব্যাপ্তি	শ্রেণি মধ্যমান x_i	গণসংখ্যা f_i	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	$f_i u_i$
45 - 50	47.5	3	-2	-6
51 - 56	53.5	8	-1	-8
57 - 62	59.5 ← a	18	0	0
63 - 68	65.5	14	1	14
69 - 74	71.5	7	2	14
		n = 50		$\Sigma f_i u_i = 14$

∴ গড়, $\bar{x} = a + \frac{\Sigma f_i u_i}{n} \times h$
 $= 59.5 + \frac{14}{50} \times 6$
 $= 59.5 + 1.68$
 $= 61.18$ (Ans.)

প্রশ্ন ১৬২ দশম শ্রেণির নির্বাচনি পরীক্ষার গণিত বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি নিরূপণ :

নম্বর	1-10	11-20	21-30	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	3	6	16	10	13	20	15	4	2	1

[ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম □ প্রশ্ন নং ১১]

- ক. কেন্দ্রীয় প্রবণতা কী? কেন্দ্রীয় প্রবণতার পরিমাপগুলি লিখ। ২
- খ. উপরের সারণি থেকে মধ্যক নির্ণয় কর। ৪
- গ. সারণি থেকে গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

১৬২ নং প্রশ্নের সমাধান

ক সৃজনশীল ২২(ক) নং সমাধান দ্রষ্টব্য।



ক. মধ্যক নির্ণয়ের প্রয়োজনীয় সারণি:

প্রাপ্ত নম্বর	মধ্যমান	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
1-10	5.5	3	3
11-20	15.5	6	9
21-30	25.5	16	25
31-40	35.5	10	35
41-50	45.5	13	48
51-60	55.5	20	68
61-70	65.5	15	83
71-80	75.5	4	87
81-90	85.5	2	89
91-100	95.5	1	90
		n = 90	

সারণি থেকে পাই, $n = 90$ এবং $\frac{n}{2} = \frac{90}{2} = 45$

সুতরাং মধ্যক হলো 45-তম পদের মান। 45-তম পদ (41-50) শ্রেণিতে অবস্থান করে। তাই (41-50) হলো মধ্যক শ্রেণি।

এখানে, $L = 41$

$F_c = 35$

$f_m = 13$

$h = 10$


$$\therefore \text{মধ্যক} = L + \left(\frac{\frac{n}{2} - F_c}{f_m}\right) \times h$$

$$= 41 + (45 - 35) \times \frac{10}{13}$$

$$= 41 + \frac{10 \times 10}{13}$$

$$= 41 + 7.69 = 48.69 \text{ (প্রায়) (Ans.)}$$

গ. 'খ' এর সারণি ব্যবহার করে, ছক কগজে X-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে 2 একক ধরে শ্রেণি মধ্যবিন্দু নিয়ে এবং Y-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে 1 একক ধরে গণসংখ্যা নিয়ে গণসংখ্যা বহুভুজ অঙ্কন করি। মূল বিন্দু থেকে 5.5 পর্যন্ত ঘরগুলো আছে বোঝাতে ভাঙা চিহ্ন ব্যবহৃত হয়েছে।



→ শ্রেণি মধ্যবিন্দু

চিত্র: গণসংখ্যা বহুভুজ

প্রশ্ন ▶ ১৬৩ ১০ম শ্রেণির 60 জন শিক্ষার্থীর ওজনের গণসংখ্যা সারণি দেওয়া হলো:

ওজন (কেজি)	41-45	46-50	51-55	56-60	61-65	66-70
শিক্ষার্থীর সংখ্যা	4	6	12	20	15	3

[বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, চট্টগ্রাম □ প্রশ্ন নং ১০]

- ক. ক্রমযোজিত গণসংখ্যা বের কর। ২
খ. সারণি হতে মধ্যক নির্ণয় কর। ৪
গ. গণসংখ্যা সারণি হতে আয়তলেখ অঙ্কন কর। ৪

১৬৩ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ১৮ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৬৪ কোনো শ্রেণির 50 জন শিক্ষার্থীর গণিত বিষয়ের প্রাপ্ত নম্বর এর গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	4	6	8	12	9	7	4

[বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, চট্টগ্রাম □ প্রশ্ন নং ১১]

- ক. পরিসর কী? কেন্দ্রীয় প্রবণতা পরিমাপকের নামগুলো কি কি? ২
খ. প্রদত্ত সারণি থেকে প্রচুরক নির্ণয় কর। ৪
গ. উপাত্তের অজিত রেখা অঙ্কন কর। ৪

১৬৪ নং প্রশ্নের সমাধান

ক. পরিসর: উপাত্তসমূহের সর্বোচ্চ ও সর্বনিম্ন মানের অস্বল্পফলের সাথে ১ যোগ করে প্রাপ্ত মানকে পরিসর বলা হয়।

কেন্দ্রীয় প্রবণতার পরিমাপগুলো হলো:

(i) গাণিতিক গড় (ii) মধ্যক (iii) প্রচুরক

খ. পাঠ্যবইয়ের অধ্যায়-১৭ এর উদাহরণ-১৩(খ) দ্রষ্টব্য। পৃষ্ঠা- ৩৩৯

গ. পাঠ্যবইয়ের অধ্যায়-১৭ এর উদাহরণ-১৩(গ) দ্রষ্টব্য। পৃষ্ঠা- ৩৩৯

প্রশ্ন ▶ ১৬৫ দশম শ্রেণির 60 জন শিক্ষার্থীর ওজনের (কেজি) গণসংখ্যা নিবেশন সারণি নিরূপণ:

শ্রেণি ব্যাপ্তি	44-48	49-53	54-58	59-63	64-68	69-73
গণসংখ্যা	4	11	13	19	8	5

[বাংলাদেশ নৌবাহিনী স্কুল ও কলেজ, চট্টগ্রাম □ প্রশ্ন নং ১০]

- ক. মধ্যক শ্রেণির মধ্যমান নির্ণয় কর। ২
খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গাণিতিক গড় নির্ণয় কর। ৪
গ. প্রদত্ত উপাত্তের অজিত রেখা অঙ্কন কর। ৪

১৬৫ নং প্রশ্নের সমাধান

